



# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স-০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsrmu.edu.bd, ওয়েবঃ www.bsrmu.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৩/০৫

তারিখ: ১২/১০/২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল	সর্বোচ্চ বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ক।	প্রভাষক ওশানোগ্রাফি এন্ড হাইড্রোগ্রাফি-০২ জন (গ্রেড-০৯, বেতনস্কেল-২২০০০-৫৩০৬০/-)	৩০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ওশানোগ্রাফি/মেরিন সায়েন্স/মেরিন জিওলজি/মেটেরিউলজি/এনভায়রনমেন্টাল সায়েন্স/ডিজাস্টার ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
খ।	প্রভাষক রসায়ন -০১ জন (গ্রেড-০৯, বেতনস্কেল-২২০০০-৫৩০৬০/-)		শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন/ফলিত রসায়ন বিষয়ে স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।

\*\* জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।

### শর্তাবলি:

- ১। আত্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত ০৮ (আট) সেট আবেদনপত্র ১৩ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.bsrmu.edu.bd](http://www.bsrmu.edu.bd) বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান/যোগাযোগের ঠিকানা সহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।
- ২। বিএসএমআরএমইউ জেনারেল ফাউন্ড-এর অনুকূলে যে কোন তফশিলি ব্যাংক হইতে ৬০০/০০ (ছয়শত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।
- ৩। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৮ (আট) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে অবশ্যই বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত সমতা প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।
- ৪। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়ঃসীমা বিধিমাতে শিথিলযোগ্য।
- ৬। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।
- ৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।
- ৮। 'প্রকাশনা' অর্থ পিয়ার রিভিউড/ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত কোন গবেষণা প্রবন্ধকে বুঝাইবে।
- ৯। চাকুরিত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- ১০। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাজামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ